

খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
সংস্থাপন শাখা-০১



স্মারক নং-খুবি/প্রশা- ৬২/৯১-৬৯৩

তারিখ : ১১-০৯-২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর ইনটিগ্রেটেড স্টাডিজ অন দি সুন্দরবনস্ এন্ড কোস্টাল ইকোসিস্টেম (IISCE)-এ অধ্যাপকের ০১ (এক) টি শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

১। অধ্যাপক (গ্রেড-৩) : (বেতনক্রম ৫৬,৫০০ - ৭৪,৪০০/-)

ইনস্টিটিউট ও পদসংখ্যা

ইনস্টিটিউট ফর ইনটিগ্রেটেড স্টাডিজ অন দি সুন্দরবনস্ এন্ড কোস্টাল ইকোসিস্টেম (IISCE) - ০১ (এক) টি

আবেদনের শর্তাবলী :

- ০১। আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদন পত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৩নং শর্তে চাহিত) কাগজপত্রাদি সহ ১০(দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর ১৩-০৯-২০২২ হতে ১১-১০-২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪-০০ টার মধ্যে ডাক যোগে/সরাসরি হার্ড কপি প্রেরণ করতে হবে। অনলাইন (Online) আবেদনের সাথে ৯৫০.০০ (নয়শত পঞ্চাশ) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করতে হবে। অনলাইন (Online) আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগসংক্রান্ত নিয়মাবলি খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://www.ku.ac.bd/career/>) পাওয়া যাবে।
- ০২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৩। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তি পত্র সংযুক্ত করতে হবে।
- ০৪। প্রতিসেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদির সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে:
 - (ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি
 - (খ) সকল মার্কসিট/ট্রান্সক্রিপ্টের কপি
 - (গ) নাগরিকত্ব সনদ / NID কার্ডের কপি
 - (ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি (১ম সেটে ০২ কপি অপর সেটসমূহে ০১কপি করে)
 - (ঙ) প্রথম সেট আবেদনের সাথে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ দিতে হবে
- ০৫। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ ডি.এ. প্রদান করা হবে না।
- ০৬। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।
- ০৭। নিয়োগ প্রদান সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


(প্রফেসর খান গোলাম কুদ্দুস)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

E-mail : registrar@ku.ac.bd

